বিষয় কোড | ১ | ০ | ১

# এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় : বাংলা ১ম পত্র (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান—৬০

[ প্রত্যেক বিভাগ থেকে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়। ]

## ক অংশ — গদ্য

১. "এবার পাহাড়ে আঁকাবাঁকা চড়াই পথে উঠছি। পাহাড়গুলো সম্পূর্ণ টাক-পড়া, এমন-কি, পাথরেরও প্রাধান্য কম। বড়ো বড়ো মাটির স্তূপ। যেন মুড়িয়ে দেয়া দৈত্যের মাথা। বোঝা যায় এটা বৃষ্টিবিরল দেশ, নইলে গাছের শেকড় যে মাটিকে বেঁধে রাখে নি বৃষ্টির আঘাতে সে মাটি কতদিন টিকতে পারে?"

ক. সঞ্জীবচন্দ্রের দেখা একশিলা পাহাড়টিতে কোন গাছ জন্মেছিল? ১

খ. পালামৌয়ের পাহাড়গুলোর সৌন্দর্যের পরিচয় দাও। ২

গ. 'পালামৌ' ভ্রমণকাহিনীর সঙ্গে উদ্দীপকের পাহাড়ি এলাকার বৈসাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. উদ্দীপকের বর্ণনা থেকে পালামৌ অঞ্চলের জলবায়ু সম্পর্কে কী রকম ধারণা পাওয়া যায়? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

২. 'দুরন্ত পথিক বুক বাড়াইয়া বলিল, মারো, বাঁধো, কিন্তু আমাকে তো বাঁধতে পারবে না; আমার তো মৃত্যু নেই। আমি যে আবার আসব।'

ক. রোকেয়া 'নিরীহ বাঙালি' প্রবন্ধে কোথাকার ধূতির কথা বলেছেন? ১

খ. বাঙালি নারীগণ ইংরেজ ললনাদের 'নির্লজ্জ' পরিচ্ছদ ব্যবহার করেন না কেন? ২

গ. উদ্দীপকটি 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সাথে কী ধরনের বিরোধাভাস সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আপাতদৃষ্টিতে বিরোধ থাকলেও উদ্দীপকটি লেখিকার আকাঙ্ক্ষারই পরিপোষক। তোমার মতামত দাও। ৪

৩. 'তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে।
তুমি আসবে বলে, হে স্বাধীনতা
ছাত্রাবাস বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র।'

Copyright Mithun Jamal

ক. করিম এলিফ্যান্ট রোড থেকে কোথায় যেতে চাচ্ছিল? ১

খ. 'হল তো সব খালি, বিরান, যা হবার তাতো প্রথম দুদিনেই হয়ে গেছে–' পঙক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে 'একাত্তরের দিনগুলি'-এর সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনাকে কীভাবে প্রতিনিধিত্ব করছে? তোমার মতামত দাও। ৪

## খ অংশ — কবিতা

৪. পিঁপিড়ার ভয়ে মাও না থুইলা মাটিত।
কোল দিআ বুক দিআ জগতে বিদিত॥
অশক্য আছিলুঁ মুই দুর্বল ছাবাল।
তান দয়া হন্তে হৈল এ ধড় বিশাল॥

ক. 'ফেরফার' শব্দের অর্থ কী? ১

খ. 'সেঁউতী হইল সোনা দেখিতে দেখিতে'— পঙ্‌ক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'আমার সন্তান' কবিতার কোন দিকটির পরিচয় বিধৃত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সন্তানের মঙ্গল সাধনই পিতা-মাতার একমাত্র ব্রত'– উক্তিটি উদ্দীপক ও 'আমার সন্তান' কবিতা অবলম্বনে বিচার করো। ৪

৫. সংসারে যারা কেবল ভোগ লালসায় আত্মমগ্ন থাকেন তারা একান্তই স্বার্থপর। পরের মঙ্গল-অমঙ্গল নিয়ে তারা ভাবেন না। পরের দুঃখ-কষ্ট যন্ত্রণা তাদের হৃদয়ে বিন্দুমাত্র সাড়া জাগায় না। এ ধরনের স্বার্থান্ধ ও আত্মকেন্দ্রিক মানুষ সমাজে বরণীয় হতে পারে না। বরং ত্যাগী মানুষই সমাজে বরণীয় মর্যাদার আসনে অধিষ্ঠিত হন। নিজের স্বার্থকে বড় করে না দেখে পরের কল্যাণে জীবন উৎসর্গ করাতেই মানুষের মহত্ত্বের পরিচয় পাওয়া যায়।

ক. কবি কিসের গান গাইছেন? ১

খ. মসজিদ-মন্দিরে প্রভুর কাছে মানুষের দাবি নেই কেন? ২

গ. উদ্দীপকের আত্মকেন্দ্রিক মানুষের সাথে মানুষ কবিতায় কাদের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "মানুষ' কবিতায় কবি যাদের বিরুদ্ধে প্রতিবাদ করেছেন, উদ্দীপকেও তাদেরই সমালোচনা করা হয়েছে"।– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

৬. স্বাধীনতা তুমি
বাগানের ঘর, কোকিলের গান
বয়েসী বটের ঝিলমিলি পাতা,
যেমন ইচ্ছে লেখার আমার কবিতার খাতা।

ক. কবি এসে কয়টি কবিতা পড়বে? ১

খ. 'সেদিন এই উদ্যানের রূপ ছিল ভিন্নতর'— বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো'— কবিতার অমিলগুলো দেখাও। ৩

ঘ. উদ্দীপকে স্বাধীনোত্তর জীবনের দিককেই ফুটিয়ে তোলা হয়েছে— নির্মলেন্দু গুণের কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ

৭. বুকের মধ্যে দেশপ্রেম, শরীরের মধ্যে বাংলার মাটির গন্ধ আর স্বপ্নের মধ্যে স্বাধীনতার আকাশ ছিল বলে বাঙালিরা এমন যুদ্ধ করতে পেরেছে। দেশপ্রেমের শক্তি অনেক বড় শক্তি। দেশপ্রেম না থাকলে আর স্বাধীনতার জন্য স্বপ্ন না থাকলে দালাল হওয়া যায়, নিমক হারাম হওয়া যায়; লেজ কাঁপানো জানোয়ার হওয়া যায়। কিন্তু মুক্তিযোদ্ধা হওয়া যায় না।

ক. মুক্তিযুদ্ধের সময় কুদ্দুস কোন ভূমিকা পালন করেছিল? ১

খ. ঘুমের ভেতরে স্বাধীনতার স্বপ্ন বুধাকে এক আশ্চর্য দেশে নিয়ে যায় কেন? ২

গ. উদ্দীপকটির দেশপ্রেমিক মুক্তিযোদ্ধার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিযোদ্ধাদের সাদৃশ্য কোথায়, ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে প্রকাশিত দেশপ্রেম 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিযোদ্ধাদের বুকের ভেতর ধরে রেখেছে মুক্তিযুদ্ধ।" – মন্তব্যটির পক্ষে যুক্তি দাও। ৪

৮. সাজেদ একজন পীরভক্ত মানুষ। প্রায়ই সে পীরের আস্তানায় যায়। পীরকে সে মনে প্রাণে ভক্তি ও শ্রদ্ধা করে। এ কারণে হৃদয়ের টানে অনেক দূর থেকেও আস্তানায় আসে। একদিন সে পীরকে অনুরোধ করে নিজের বাড়িতে নিয়ে গেল। তার স্ত্রী মাজেদা তো খুশিতে আত্মহারা। সারাক্ষণ সে

Copyright Md Shah Jamal

পীরের খেদমতে ব্যস্ত থাকে। সে মনে করে, পীর খুশি হলে আল্লাহ খুশি হবে এবং জান্নাত পাওয়া যাবে তাই নিজে যেমন পীরের সেবা করে ছেলে মেয়েদেরও সেবা করতে বলে। তার বাড়িতে পীর আসায় সে মনে মনে গর্ব অনুভব করে, নিজেকে নেক ও পূণ্যবান মনে করে।

ক. বহিপীরের বয়স কত? ১

খ. হাশেম তাহেরাকে বিয়ে করতে চাইল কেন? ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মাজেদাকে 'বহিপীর' নাটকের খোদেজা চরিত্রের প্রতিরূপ বলা যায় কি? যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

৯. গ্রীষ্মের ছুটিতে মাসুদ গ্রামে নানুর বাড়িতে বেড়াতে গেল। শহরের কোলাহল ও ব্যস্ততা ছেড়ে নিভৃত পল্লিতে তার ভালই লাগল। একদিন বিকেলে পাশের বাড়িতে চেঁচামেচি ও কান্নার শব্দ পেল। কাছে গিয়ে জানল একটি কিশোরী মেয়েকে জোর করে বয়স্ক এক লোকের সাথে বিয়ে দিচ্ছে। মেয়েটি রাজি নয়, তাই হাউমাউ করে কাঁদছে। সে হতবাক হয় এ দৃশ্য দেখে। উপস্থিত কেউই এ বিয়ের প্রতিবাদ করছে না। সবাই মেয়েটিকে তিরস্কার করছে। ঘরের ভিতর মহিলারা বলছে 'এমন ধনী লোকের বউ হওয়া ক'জনের ভাগ্য হয়।' সে আইন ও পুলিশের ভয় দেখিয়ে এ অনৈতিক বিয়ে বন্ধ করে দেয়।

ক. তাহেরা কোন ঘাট থেকে বজরায় উঠেছিল? ১

খ. খোদেজা পীর সাহেবের কাছে তাহেরাকে ফিরিয়ে দিতে চান কেন? ২

গ. উদ্দীপকের চেতনা এক হলেও মাসুদ চরিত্রটি পুরোপুরি হাশেম চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ নয়— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'এমন ধনী লোকের বউ হওয়া ক'জনের ভাগ্যে হয়'– গ্রামে মহিলাদের এ উক্তি কেন 'বহিপীর' নাটকের খোদেজার কথারই প্রতিধ্বনি– উক্তিটি 'বহিপীর' নাটকের আলোকে মূল্যায়ন করো। ৪

Copyright Md Shah Jamal

বিষয় কোড ১ ০ ১

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট | বিষয় ঃ বাংলা ১ম পত্র (বহুনির্বাচনি) | পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. নৃত্যানুষ্ঠানে কোল যুবতীদের দেহ শিহরিত হয়ে উঠল বলে মনে হলো কখন?**
ⓚ কোল যুবকেরা গান গাইতে শুরু করলে
ⓚ কোল যুবকেরা মাদল বাজাতে শুরু করলে
ⓖ কোল যুবকেরা উপহাস করতে শুরু করলে
ⓖ কোল যুবকেরা নাচতে শুরু করলে

**২. সামান্য কারণে হাতে দুর্গন্ধ করতে চান না কে?**
ⓚ রামসুন্দর ⓚ নবীনমাধব
ⓖ হরমোহন ⓖ রায়বাহাদুর

**৩. 'সনেট পঞ্চাশৎ' কার লেখা?**
ⓚ মাইকেল মধুসূদন দত্তের
ⓚ কাজী নজরুল ইসলামের
ⓖ প্রমথ চৌধুরীর
ⓖ শামসুর রাহমানের

**৪. 'অতিথির স্মৃতি' গল্পের অধর রায়ের চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে—**
i. বদমেজাজী রূপ ii. নিষ্ঠুরতা
iii. অহংকার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫. মাদার তেরেসার মৃত্যু দিবস পালন করা কোনটি অপেক্ষা সহজ কাজ?**
ⓚ প্রতিবেশীর দুঃখে ব্যথিত হওয়া
ⓚ অল্প বিস্তর অর্থ ব্যয়ে খ্যাতি লাভ করা
ⓖ দুর্ভিক্ষ নিবারণে কাজ করা
ⓖ স্বাস্থ্যরক্ষায় যত্নবান হওয়া

**৬. ভুবন মুখুয্যের বাড়ি হরিহর রায়ের বাড়ি থেকে কত সময়ের পথ?**
ⓚ চার মিনিটের ⓚ পাঁচ মিনিটের
ⓖ ছয় মিনিটের ⓖ সাত মিনিটের

**৭. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত 'সুমহান প্রতিশোধ' হযরতের চরিত্রের কোন দিকটি তুলে ধরেছে?**
ⓚ মনুষ্যত্ব ⓚ সাহস
ⓖ ত্যাগ ⓖ করুণা

**৮. বনফুল মৃত্যুবরণ করেন কত সালে?**
ⓚ ১৯৭৮ সালে ⓚ ১৯৭৯ সালে
ⓖ ১৯৮১ সালে ⓖ ১৯৮৩ সালে

**৯. উপেক্ষিত জনগোষ্ঠীকে উদ্বোধিত করতে প্রয়োজন—**
i. জাতপাত ভুলে যাওয়া
ii. ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করা
iii. প্রাণে প্রাণে সংযোগ স্থাপন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
সবুর লেখাপড়া শিখেও সারাক্ষণ টাকার পিছনে ছুটছে। ভালো-মন্দ বিচার না করে শুধু টাকা উপার্জন করা তার অন্যতম কাজ।

**১০. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ অনুসারে সবুরের চরিত্রে কিসের অভাব রয়েছে?**
ⓚ দৃষ্টিভঙ্গির ⓚ জীবসত্তার
ⓖ মনুষ্যত্বের ⓖ শিক্ষার

**১১. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ অনুসারে সবুরের এ মানসিকতার অন্যতম কারণ হলো?**
ⓚ শিক্ষার অভাব ⓚ মনুষ্যত্বের অভাব
ⓖ অনুবস্ত্রের অব্যবস্থা ⓖ সঠিক শিক্ষার অভাব

**১২. পয়লা বৈশাখের শভিনিস্টিক দিকটি বুঝতে হলে কী করতে হবে?**
ⓚ রাশিয়ায় ভ্রমণ করতে হবে
ⓚ নিজেকে অসাম্প্রদায়িক দেশের মানুষ হিসেবে ভাবতে হবে
ⓖ নিজেকে সাম্প্রদায়িক দেশের মানুষ হিসেবে ভাবতে হবে
ⓖ সাধারণ মানুষের সাথে মিশতে হবে

**১৩. বুমীর মুক্তির ব্যাপারে বাঁকা আর ফকিরের অভিমত কী ছিল?**
ⓚ চেষ্টা করেও লাভ হবে না

Copyright Md Shah Jalal

(খ) বুমীকে এমনিতেই ওরা ছেড়ে দেবে
(গ) বুমীর প্রাণভিক্ষা চাওয়া
(ঘ) আল্লাহর ওপর ভরসা রাখা

**১৪. নিচের কোন সাহিত্যিক তার সকল নাটক কবিতায় রচনা করেছেন?**
(ক) উইলিয়াম শেক্সপিয়র (খ) জর্জ বানার্ড শ
(গ) জন মিল্টন (ঘ) ডোরিস লোসিং

**১৫. 'সসহর' ও 'রঞণি' শব্দ দুটির বদলে আধুনিক বাংলায় কোন শব্দ ব্যবহৃত হচ্ছে?**
(ক) 'শশধর' ও 'রজনী' (খ) 'শশাঙ্ক' ও 'রজনী'
(গ) 'শশীধর' ও 'রজনী' (ঘ) 'শশধর' ও 'রাত্রি'

**১৬. দেবী এতদিন কার নিবাসে ছিলেন?**
(ক) ভবানন্দের (খ) হরিহরের
(গ) পাটনীর (ঘ) মানসিংহের

**১৭. কোনটি মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রহসন?**
(ক) জামাই বারিক (খ) সধবার একাদশী
(গ) এর উপায় কি
(ঘ) বুড়ো সালিকের ঘাড়ে রোঁ

**১৮. কোন কাজটি করলে জীবনে জয় হবে?**
(ক) যত্ন (খ) অযত্ন (গ) ভোগ (ঘ) সঞ্চয়

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
যেতে নাহি দিব হায়
তবু যেতে দিতে হয়
তবু চলে যায়।

**১৯. উদ্ধৃতাংশের মূলভাবের সাথে কোন কবিতার মূল বক্তব্যের সাদৃশ্য আছে?**
(ক) মানুষ (খ) ঐকতান
(গ) আমার পরিচয় (ঘ) প্রাণ

**২০. উভয় কবিতার সাদৃশ্যের দিকটি হলো—**
i. মানবপ্রেম ii. সত্যপ্রীতি
iii. ধরণীপ্রীতি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২১. 'কোকিলের ডাক' বধূটির কাছে কিসের ইঙ্গিতবহ?**
(ক) বসন্তকালের (খ) গ্রীষ্মকালের
(গ) আম পাকার (ঘ) ভালোবাসার

**২২. ঝর্ণা কোথায় ঝিলমিলায়?**
(ক) পাহাড়ের চূড়ায় (খ) চারপাশে
(গ) দিগ্বিদিক (ঘ) বিজন দেশে

**২৩. গোস্ত-রুটি নিয়ে মসজিদে তালা দেওয়ায় মোল্লা সাহেবের কোন পরিচয়টি ফুটে উঠেছে?**
(ক) ধর্মানুরাগ (খ) হৃদয়হীনতা
(গ) মনুষ্যত্ব (ঘ) মসজিদের প্রতি শ্রদ্ধা

**২৪. চারদিকে কীরকম বাতি দেখা যায়?**
(ক) শান্ত বাতি (খ) আলোকিত বাতি
(গ) ভিজে বাতি (ঘ) অফুরন্ত বাতি

**২৫. 'পল্লিজননী' কবিতায় মায়ের আদরের সম্বোধন হলো—**
i. বাছারে ii. যাদু
iii. মুখপোড়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৬. বহু প্রতীক্ষিত বৃষ্টি! কারণ বৃষ্টি—**
i. প্রাণের স্পন্দন নিয়ে আসে
ii. বর্ষার আগমনী বার্তা নিয়ে আসে
iii. প্রকৃতির রুক্ষতা দূর করে দেয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৭. হরিদাসীর সিঁথির সিঁদুর মুছে গেল কেন?**
(ক) স্বামী শহিদ হয়েছেন বলে
(খ) সিঁদুরগুলো পুড়ে গেছে বলে
(গ) দেশের স্বাধীনতা চান না বলে
(ঘ) ট্যাঙ্ক আসতে বাঁধা দিয়েছেন বলে

**২৮. বাঙালির আগমন স্থল জোড়াবাংলার কোথায়?**
(ক) মন্দির-বেদিতে (খ) পাহাড়পুর
(গ) ডিঙার বহরে (ঘ) পলিমাটিতে

Copyright Md Saiful Jamal

২৯. **মধ্যবিত্তের হাতে সেদিন ছিল মৃত্যু আর চোখে ছিল—**
ⓚ ঝিলিক ⓚ স্বপ্ন
ⓖ বাসনা ⓖ ঈর্ষা

৩০. **'সাহসী জননী বাংলা' কবিতায় হানাদারদের কী কাটার কথা বলা হয়েছে?**
ⓚ হাত ⓚ পা
ⓖ কান ⓖ আঙুল

৩১. **'কাকতাড়ুয়া' উপন্যাসে কার ভীষণ সাহস?**
ⓚ হরিকাকুর ⓚ বুধার
ⓖ কুন্তির ⓖ বিনুর

৩২. **বুধা বাঁশের লাঠির মাথায় শুকনো পাট জড়িয়ে কয়টি মশাল বানায়?**
ⓚ দুইটি ⓚ তিনটি
ⓖ চারটি ⓖ পাঁচটি

৩৩. **কার শরীর ঠান্ডা হয়ে আছে?**
ⓚ শিলুর ⓚ তালেবের
ⓖ তিলুর ⓖ বিনুর

৩৪. **বুধার কান্না দেখে কে অবাক হয়?**
ⓚ ফুলকলি ⓚ চাচি
ⓖ কুন্তি ⓖ নোলক বুয়া

৩৫. **বুধার সব বেলার ভাত না থাকলেও যা আছে তা হলো—**
i. সিদ্ধ চালের খিচুড়ি ii. নদীর পানি
iii. নোলক বুয়ার মুড়ি ভাজা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩৬. **হাতেম আলির জমিদারি ভেঙে গেলে হাশেমের কোন স্বপ্ন ভেঙে যাবে?**
ⓚ জমিদার হওয়ার ⓚ ছাপাখানা দেওয়ার
ⓖ বিদেশ যাওয়ার ⓖ ব্যবসা করার

৩৭. **পীর সাহেব কাকে ঝেড়ে দিতে প্রস্তুত?**
ⓚ খোদেজা ⓚ হাতেম
ⓖ তাহেরা ⓖ হাশেম

৩৮. **বহিপীরের মতে, দায়িত্বের খাতিরে দায়িত্ব পালন আর স্নেহমমতার খাতিরে দায়িত্ব পালনে রয়েছে—**
i. আকাশ-পাতাল পার্থক্য
ii. বিরাট পার্থক্য
iii. কোনো পার্থক্য নেই
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
পরিবারের চাপিয়ে দেওয়া পাত্রকে বিয়ে করতে নারাজ স্বাধীনচেতা শিখি। তাই বাড়ি থেকে পালিয়ে বান্ধবীর বাসায় উঠে সে। উচ্চশিক্ষিতা শিখি, একটা চাকরি জোগাড় করে স্বাধীনভাবে নিজের মতো থাকতে পারবে, নিজের উপর এই আত্মবিশ্বাস রয়েছে শিখির।

৩৯. **উদ্দীপকের শিখির সাথে বহিপীরের তাহেরা চরিত্রটির সাদৃশ্য কোথায় পরিলক্ষিত হয়?**
ⓚ কোনো ভাবনা না ভেবেই বাড়ি থেকে পালিয়ে যাওয়া
ⓚ পছন্দের মানুষকে নিয়ে পালিয়ে যাওয়া
ⓖ চাপিয়ে দেওয়া বিয়ে করবে না বলে পালিয়ে যাওয়া
ⓖ পালিয়ে কোথায় যাবে তা স্থির করে পালিয়ে যাওয়া

৪০. **উভয়ের বাড়ি থেকে পালিয়ে যাওয়ার ব্যাপারটিকে যে কারণে সমর্থন করা যায়—**
i. ব্যক্তি স্বাধীনতার হস্তক্ষেপের কারণে
ii. অনুপযুক্ত পাত্রের সাথে বাবা-মা বিয়ে দিয়েছিল বলে
iii. বিয়েতে তাদের মত নেওয়া হয় নি বলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓚ | ২ | ⓖ | ৩ | ⓖ | ৪ | ⓖ | ৫ | ⓚ | ৬ | ⓚ | ৭ | ⓚ | ৮ | ⓚ | ৯ | ⓖ | ১০ | ⓖ |
| | ১১ | ⓖ | ১২ | ⓚ | ১৩ | ⓖ | ১৪ | ⓚ | ১৫ | ⓚ | ১৬ | ⓚ | ১৭ | ⓖ | ১৮ | ⓚ | ১৯ | ⓖ | ২০ | ⓖ |
| | ২১ | ⓚ | ২২ | ⓖ | ২৩ | ⓚ | ২৪ | ⓖ | ২৫ | ⓖ | ২৬ | ⓖ | ২৭ | ⓚ | ২৮ | ⓚ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ |
| | ৩১ | ⓚ | ৩২ | ⓖ | ৩৩ | ⓖ | ৩৪ | ⓖ | ৩৫ | ⓚ | ৩৬ | ⓚ | ৩৭ | ⓖ | ৩৮ | ⓚ | ৩৯ | ⓖ | ৪০ | ⓚ |

Copyright Md Shakil